জীবননগরে জেলা পরিষদের জমির ইজারাদার মালিক সমিতির আলোচনা সভা

জীবননগরে জেলা পরিষদের জমির ইজারাদার মালিক সমিতির আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। গতকাল সোমবার বিকাল সাড়ে ৩টার সময় জীবননগর পৌর সভার ইসলামপুর মোড়ে এ আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

জীবননগরে জেলা পরিষদের জমির ইজারাদার মালিক সমিতির সভাপতি মুন্সী নাসির উদ্দিনের সভাপতিত্বে আলোচনা সভায় উপস্থিত ছিলেন, জীবননগরে জেলা পরিষদের জমির ইজারাদার মালিক সমিতির উপদেষ্টা সাবেক উপাধ্যক্ষ নজরুল ইসলাম, সাবেক মেয়র হাজী আশরাফুল হক, হাজী মশিয়ার রহমান, রফিকুল ইসলাম পচা,

সাবেক চেয়ারম্যান শাজাহান আলী, হাজী আঃ মজিদ, জীবননগর জেলা পরিষদের জমির ইজারাদার মালিক সমিতির সদস্য শিক্ষক আঃ সামাদ, সাবেক চেয়ারম্যান আঃ হান্নান, কাজী খালিদ, আহসান হাবিব বকুল, সাবেক কাউন্সিলর আঃ রশিদ, কাউন্সিলর আবুল কাশেম, আরিফুজ্জামান, সাবেক ব্যাংকার রশিদুল ইসলাম, মাজেদুল ইসলাম মিল্টন প্রমুখ।

উক্ত অনুষ্ঠানটি সার্বিক পরিচালনা করেন জীবননগর জেলা পরিষদের জমির ইজারাদার মালিক সমিতির সাধারণ সম্পাদক সাবেক কাউন্সিলর রফিকুল ইসলাম।

জীবননগরে রক্তদান কেন্দ্রের ২য় প্রতিষ্ঠা বার্ষিকী পালিত

জীবননগরে সে¦চ্ছাসেবী সংগঠন “মানুষ মানুষের জন্য” রক্তদান কেন্দ্রের দ্বিতীয় প্রতিষ্ঠা বার্ষিকী পালিত হয়েছে।

গতকাল সোমবার বিকাল সাড়ে ৩টার সময় মানুষ মানুষের জন্য রক্তদান

কেন্দ্রের আয়োজনে সীমান্ত ইউনিয়নের গোয়ালপাড়া গ্রামে আলোচনা সভা ও কেক কাটার মধ্যে দিয়ে এ সংগঠনের দ্বিতীয় প্রতিষ্ঠা বার্ষিকী পালিত হয়।

মানুষ মানুষের জন্য রক্তদান কেন্দ্রের সভাপতি রমজান আলীর সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে ফ্রি-ব্লাড গ্রুপিং ক্যাম্পেইন এর উদ্বোধন ও সেরা রক্তদাতাদের মাঝে পুরস্কার বিতরণ করেন জীবননগর উপজেলা নির্বাহী অফিসার এস এম মুনিম লিংকন। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, সীমান্ত ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মঈন উদ্দিন ময়েন।

এছাড়াও উপস্থিত ছিলেন শিক্ষক সাহেব উদ্দিন, সাংবাদিক চাষী রমজান, মিঠুন মাহমুদ, মফিজুল ইসলাম, সীমান্ত ইউপি সদস্য জহুরুল ইসলাম, ইমাদ উদ্দিন, আঃ সামাদ, শিকড় সমাজ কল্যাণ সংস্থার লাবনী, ঐশ্বর্য সাহা, সাদিয়া, ওমর ফারুক, শাকিল, তুর্ণা, ক্রিসেন্ট ক্লিনিক এন্ড ডায়াগনস্টিক সেন্টারের টেকনেশিয়ান আয়েসা খাতুন, মানুষ মানুষের জন্য সংগঠনের সদস্য অংকনসহ গ্রামের বিভিন্ন শ্রেণী পেশার মানুষ।

জীবননগরে প্রতিবন্ধীদের মাঝে হুইল চেয়ার বিতরণ

জীবননগরে প্রতিবন্ধীদের মাঝে হুইল চেয়ার বিতরণ করা হয়েছে। গতকাল সোমবার সকাল সাড়ে ১১টার সময় ৪নং সীমান্ত ইউনিয়ন পরিষদের আয়োজনে পরিষদের সভাকক্ষে একটি আলোচনা সভা শেষে ৮জন প্রতিবন্ধীর মাঝে এ হুইল চেয়ার বিতরণ করা হয়।

৪নং সীমান্ত ইউপি চেয়ারম্যান ময়েন উদ্দিন মঈনের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে প্রতিবন্ধীদের মাঝে হুইল চেয়ার বিতরণ করেন জীবননগর উপজেলা নির্বাহী অফিসার এস এম মুনিম লিংকন।

এ সময় উপস্থিত ছিলেন ইউপি সচিব শাহিন কবির, সীমান্ত ইউপি সদস্য জহুরুল ইসলাম, আরজাম আলী, আব্দুল কাদের, ইমাদ উদ্দিন, আব্দুল আলীম প্রমুখ।

দর্শনায় কর্মমুখী প্রশিক্ষণের উদ্বোধন

চুয়াডাঙ্গা জেলার দর্শনায় তিন মাস ব্যাপী সুইং মেশিন, মোবাইল সার্ভিসিং ও ইলেট্রিক্যাল ইসলেশন মেইন্টেনেন্স প্রশিক্ষণের এর উদ্বোধন হয়েছে।

ওয়েভ ফাউন্ডেশনের বাস্তবায়নে ও পল্লী কর্ম সহায়ক ফাউন্ডেশন পিকেএস এফের সহযোগিতায় প্রশিক্ষণের উদ্বোধন করেন ওয়েভ ফাউন্ডেশনের নিবার্হী পরিষদের সচিব বীর মুক্তিযোদ্ধা ফজলুল হক।

এ প্রশিক্ষণের উদ্বোধনী অনুষ্ঠানে বক্তব্য রাখেন, ওয়েভ ফাউন্ডেশনের সাধারণ পরিষদের সদস্য বীর মুক্তিযোদ্ধা মহাসীন আলী, বীর মুক্তিযোদ্ধা বদরুল আলম ফিট্টু, এ্যাভোকেট কাজল মাহমুদ, প্রশিক্ষণ বিভাগের উপ-পরিচালক জহির রায়হান ও একই বিভাগের অধ্যক্ষ আব্দুস সালাম।

এছাড়া উপস্থিত ছিলেন, ১ম ব্যাচের রাকিবুল ইসলাম ও চতুর্থ ব্যাচের প্রশিক্ষণার্থী বর্তমান উদ্যোগতা রূপা খাতুন, প্রশিক্ষণার্থীদের মধ্যে নিশাদ খান, হেনা খাতুন ও মিরাজ উদ্দিন ও ৩টি ব্যাচে ৭৫ জন বেকার কিশোর-কিশোরী।

এসব প্রশিক্ষণার্থীরা প্রশিক্ষণ শেষে চাকুরী অথবা নিজেই তাদের প্রতিষ্ঠান গড়ে তুলতে পারবে বলে বক্তারা বলেন। প্রশিক্ষক হিসেবে প্রশিক্ষণ প্রদান করবেন সুইং মেশিন আপারেশনে রাশিদা খাতুন ও হাসনা জাহান, মোবাইলের প্রশিক্ষণ দেবেন আমিনুল কাশেম ও শাহাদত হোসেন সেতু এবং ইলেকট্রিক্যাল বিষয়ে শামীম রেজা।

অনুষ্ঠান পরিচালনা করেন মনিরুল ইসলাম।

দর্শনা থানা পুলিশের অভিযানে ফেনসিডিল ও গাজা সহ ১ জন আটক

চুয়াডাঙ্গা জেলার দর্শনা থানা পুলিশের মাদক বিরোধী অভিযানে ২৪ বোতল ফেনসিডিল এবং ২ কেজি গাঁজা সহ ১জন মাদক ব্যবসায়িকে আটক করেছে পুলিশ।

পুলিশ জানায় দর্শনা থানার ওসি জনাব মোঃ মাহাবুবুর রহমান কাজল এর নেতৃত্বে গতকাল দুপুর ২ ঘটিকার সময়, গোপন সংবাদের ভিত্তিতে দর্শনা থানার এস আই মোঃ সাইফুল ইসলাম,এ এস আই হারুন অর রশিদ, এ এস আই মারুফুল ইসলাম ও সঙ্গীয় ফোর্স নিয়ে দর্শনা থানাধীন মদনা গ্রামের গেট পাড়া থেকে মোজাম্মেল হাজীর মেহগনি বাগানের মধ্যে হইতে অভিযান চালিয়ে ২৪ বোতল ফেনসিডিল এবং ২ কেজি গাঁজা সহ আসামি মোঃ হাবিবুর রহমান (২৫) কে আটক করা হয়।

আসামী হাবিবুর পিতা-মোঃ মুকুল আলী, মাতা-মোছাঃ মাজেদা খাতুন এর ছেলে, গ্রেফতার কৃত আসামী মোঃ হাবিবুর চুয়াডাঙ্গা জেলার দর্শনা থানার ঝাঝাডাঙ্গা বেলে মাঠপাড়া গ্রামের বাসিন্দা । গ্রেফতারকৃত আসামির বিরুদ্ধে মাদক দ্রব্য আইনে মামলা দায়ের করা হয়েছে।

আলমডাঙ্গার বন্ডবিলে মেয়র প্রার্থী ফারুকের নির্বাচনী সভা

আলমডাঙ্গার বন্ডবিলে মেয়র প্রার্থী মতিয়ার রহমান ফারুকের নির্বাচনী মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।

গতকাল শনিবার রাত ৮ টার দিকে বন্ডবিল গেট পাড়ায় এ নির্বাচনী মতবিনিময় সভা হয়।

মতবিনিময় সভায় প্রধান অতিথির বক্তব্যে মতিয়ার রহমান ফারুক বলেন,

আমরা বন্ডবিলের মানুষের নিকট ভোট চাইতে এসেছি। যারা দীর্ঘদিন পৌরসভার নেতৃত্ব দিচ্ছে তারা শুধু নিজের স্বার্থের জন্য নির্বাচন করে। ইতোপূর্বে যারা মেয়র হয়েছে তারা আলমডাঙ্গা পৌরসভার কোন উন্নয়ন করেনি। এ বন্ডবিল গ্রামের রাস্তার কোন উন্নয়ন নেই, কোন রোড-লাইট নাই। শুধু বন্ডবিল না পৌর এলাকার কোন স্থানেই কাজ করেনি।

একটি মডেল পৌরসভা ও দুর্নীতি মুক্ত পৌরসভা গঠন করতে সবাই এগিয়ে আসুন।

সভাপতিত্ব করেন, মোঃ আঃ রহমান মন্ডল, বিশেষ অতিথি হিসেবে ছিলেন, মোঃ আমজাদ হোসেন।

বন্ডবিল গেটপাড়ার পক্ষে বক্তব্য রাখেন, মুকুল ফরায়জী, রবগুল মন্ডল, রবিউল মোল্লা, জাকের মন্ডল, ইমারত শেখ, নিকবার মন্ডল, মজিদ মন্ডল, সৈকত আহম্মেদ, পৌর ছাত্র লীগ নেতা, আঃ লতিফ প্রধান সাংস্কৃতিক সম্পাদক আলমডাঙ্গা পৌর আওয়ামী লীগ, মাসুদ সালেহীন উৎপল দপ্তর সম্পাদক, শরীফুল ইসলাম শাখা সভাপতি দেখী বাংলার রুপ ও কোষাধ্যক্ষ আলমডাঙ্গা পৌর আওয়ামী লীগ, সাগর আহম্মেদ শ্রম বিষয়ক সম্পাদক, নাসিম শেখ বিজ্ঞান ও প্রযুক্তি বিষয়ক সম্পাদক, মিজানুর রহমান রিপন প্রচার সম্পাদক, জহুরুল ইসলাম ঝন্টু সদস্য, লিপু বিশ্বাস, মোল্লা সেলিম, দেবদাস, উজ্জ্বল ও আলমগীর প্রমুখ।

চুয়াডাঙ্গায় প্রবাসীর ছেলেকে অপরহণ, ৭দিন পর মরদেহ উদ্ধার

চুয়াডাঙ্গা সদর উপজেলার যদুপুর গ্রামের একটি আমবাগান থেকে সাকিব হাসান (১৫) নামের এক কিশোরের লাশ উদ্ধার করেছে পুলিশ। শনিবার দুপুরে তার মরদেহ উদ্ধার করা হয়।

গত ১৯ ডিসেম্বর তাকে অপহরণ করে মুক্তিপণ দাবী করা হয় বলে পরিবারের পক্ষে অভিযোগ করা হয়েছে। নিহত সাকিব হাসান যদুপুর গ্রামের সৌদি প্রবাসী আব্দুল কুদ্দুসের ছেলে।

দর্শনা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মাহাব্বুর রহমান জানান, গত ১৯ ডিসেম্বর সন্ধ্যা রাতে বাড়ি থেকে বের হয়ে নিখোঁজ হয় সাকিব হাসান। পরদিন ২০ ডিসেম্বর দর্শনা থানায় একটি সাধারণ ডায়েরী নথিভুক্ত করেন তার মা শেফালী বেগম।

জিডির সূত্র ধরে অপহৃত সাকিবকে উদ্ধারে মাঠে নামে পুলিশ। এর মধ্যে পুলিশ একজনকে আটক করে জিজ্ঞাসাবাদ করে। জিজ্ঞাসাবাদের এক পর্যায়ে আটককৃতের স্বীকারোক্তিতে শনিবার দুপুরে যদুপুর গ্রামের একটি আমাবাগানের ভেতর থেকে সাকিবের মরদেহ উদ্ধার করা হয়। ধারনা করা হচ্ছে তাকে শ্বাসরোধ করে হত্যা করে ফেলে রেখে গেছে অপহরণকারীরা।

নিহতের মা শেফালী বেগম জানান, গত ১৯ ডিসেম্বর সন্ধ্যায় কৌশলে সাকিবকে বাড়ি থেকে ডেকে নিয়ে যায় অপহরণ চক্রের সদস্যরা। এরপর দিন তার কাছে মোবাইল ফোনের মাধ্যমে ছয় লাখ টাকা মুক্তিপণ দাবী করা হয়। তখন সাকিবের মা দর্শনা থানায় একটি সাধারণ ডায়েরী দায়ের করেন। পরে শনিবার দুপুরে তার মরদেহ উদ্ধার করা হয়।

ওসি আরো জানান, সাকিবের মরদেহ উদ্ধার করা হয়েছে। ধারণা করা হচ্ছে তাকে শ্বাসরোধ করে হত্যা করা হয়েছে। মামলার তদন্তের স্বার্থে এখনই বিস্তারিত জানাতে চাননি তিনি।

আলমডাঙ্গার বাড়াদী ইউনিয়নে তরুণ প্রার্থী মাসুম বিল্লাহ

আলমডাঙ্গা উপজেলা বাড়াদি ইউনিয়নের এনায়েতপুর গ্রামে সম্ভ্রান্ত পরিবারের ছেলে মাসুম বিল্লাহ। বাড়াদি ইউনিয়নের সাবেক সভাপতি মৃত আব্দুর রাজ্জাকের ভাতিজা মাসুম বিল্লাহ।

২০১২ সালে এসএসসি পাশ করেন তিনি। এসএসসি পাশের পর তিনি নিজেকে লেখাপড়ার পাশাপাশি ব্যবসায়ের সাথে সংযুক্ত হয় এবং তার পৈত্রিক সম্পত্তি দেখাশোনা করেন। এর পাশাপাশি দেশের এলাকার গরীব ও মেহনতী মানুষের পাশে নিজেকে সবসময় নিয়োজিত রেখেছেন। তাছাড়া

এলাকার শিক্ষা উন্নয়নে কাজ করে যাচ্ছেন তিনি। এলাকার যেসব পরিবারের সন্তানরা অর্থাভাবে লেখাপড়া চালাতে পারেন না, তাদের পাশে অবলীলায় দাঁড়ান তিনি।

মাসুম বিল্লাহ এসএসসি পাশের পর থেকে রাজনৈতিক, সামাজিক, মানবিক ও নাগরিক সংগঠনের সাথে নিজেকে সর্বদা জড়িয়ে রাখতেন। গরীব, অসহায়, দুস্থ মানুষের পাশে নিজেকে সবসময় জড়িয়ে রেখেছেন, সবধরনের মানবিক কাজে সক্রিয় ভূমিকা পালন করে আসছেন। এছাড়া তার আচার-আচরণ অমায়িক, শিষ্টাচারপূর্ণ, ভদ্র ও নম্র।

তিনি নিজের মেধা, যোগ্যতা, সততা, আন্তরিকতা ও মানুষের পাশে দাঁড়ানোর মাধ্যমে আলমডাঙ্গার বাড়াদি ইউনিয়ন বাসীর সকল স্তরের সাধারণ মানুষের ভালোবাসার আস্থা অর্জন করেছেন তিনি। সেই সাথে তিনি বাড়াদি ইউনিয়ন ছাত্রলীগের সভাপতি হিসাবে দায়িত্ব পালন করছে।

বর্তমানে তরুণ সমাজ পরিবর্তন চায় রাজনীতিতে, চায় শিক্ষিত ও নীতিবান সৎ যোগ্য ব্যক্তিদের, যাদের হাত ধরে এগিয়ে যাবে সমাজ ও দেশ প্রতিষ্ঠিত হবে মানবিক বাংলাদেশ। তারুণ্যের প্রতীক মাসুম বিল্লাহ। সাধারণ মানুষের কাঙ্খিত ব্যক্তিত্বদের একজন তিনি। তবে জনগনের প্রতিনিধি হলে এগিয়ে যাবে সমাজ, কাঙ্খিত উন্নয়ন হবে এলাকার।

মাসুম বিল্লাল আসন্ন ইউনিয়ন পরিষদ নির্বাচনে আলমডাঙ্গা উপজেলার বাড়াদি ইউনিয়ন এর একজন সম্ভাব্য চেয়ারম্যান পদপ্রার্থী। তরুণ রাজনীতিবিদ নিজ গ্রাম সহ এলাকাবাসীর বেশ সমর্থন পাচ্ছেন। শিক্ষানুরাগী, ভদ্র, নীতিবান ব্যক্তি হিসেবে সাধারণ নাগরিকদের পছন্দের নাম মাসুম বিল্লাল।

ক্লিন ইমেজের এই তরুণ স্বপ্ন দেখছেন সাধারণ মানুষের সেবা করার। তিনি সুযোগ পেলে শাসক নয়, জনগণের সেবক হয়ে সবার পাশে দাঁড়াতে চান সাধ্যমতো। তিনি নির্বাচিত হলে সমাজের অসচ্ছল, বিধবা, অসহায়, গরীব, বয়স্ক এবং প্রতিবন্ধী মানুষের জন্য কাজ করবেন। মাদক নির্মূল এবং শিক্ষা বান্ধব সমাজ উপহার দিবেন। সর্বোপরি মানুষের কাছে নাগরিক সেবা নিশ্চিতের সব চেষ্টা করবেন তিনি।

আসন্ন ইউপি নির্বাচনের বিষয়ে মাসুম বিল্লাহ বলেন, “আমি যদি মহান আল্লাহর রহমতে নির্বাচিত হই, তাহলে আমার দেওয়া সকল প্রতিশ্রুতি অবশ্যই পালন করব ইনশাআল্লাহ। সেই সাথে অন্যান্য ইউনিয়ন থেকে পিছিয়ে পড়া আলমডাঙ্গার বাড়াদি ইউনিয়নকে এগিয়ে নিয়ে যাব এবং একটি

আধুনিক ডিজিটাল ইউনিয়ন হিসাবে গড়তে সবাইকে নিয়ে কাজ করে যাব।”

পরিশেষে, মাসুম বিল্লাহ সর্বস্তরের জনসাধারণের কাছে দোয়া চেয়েছেন তিনি।

আলমডাঙ্গায় মন্টু ট্রেডার্স এর বিরুদ্ধে নকল ভুসি তৈরির অভিযোগ

আলমডাঙ্গায় নিম্নমানের ভুসি তৈরির অভিযোগ উঠেছে। পৌর এলাকার মিয়াপাড়ায় গোপন ঘরে চালের গুড়া ও ধানের গুড়া দিয়ে এ নিম্নমানের ভুসি তৈরি করছে বন্ডবিল গ্রামের মিনারুল ইসলাম।

নিম্নমানের এ ভুসি তৈরি করে গবাদি পশু পালন কারীদের কাছে উচ্চ মূল্যে বিক্রয় করে। এতে করে প্রতারিত হচ্ছে সাধারণ জনগণ।

জানা গেছে, আলমডাঙ্গার পৌর এলাকার বন্ডবিল গ্রামের মিনারুল ইসলাম সে দীর্ঘদিন মাছ বাজার প্রাঙ্গণে মেসার্স মন্টু ট্রেডার্স নামের ভুসি মালে ব্যবসা পরিচালনা করে আসছে।

এই সুযোগে মিনারুল গত ২ বছর যাবৎ ধানের গুড়া ও চালের গুড়া মিশিয়ে ভুসি তৈরি করছে। এই কোম্পানির নিম্নমানের ভুসি মার্কেট থেকে সংগ্রহ করে তা মিশিয়ে মেসার্স পদ্মা ফ্লাওয়ার মিলস নারায়ণগঞ্জ বিডিএস নং ৩৯৭ এই কোম্পানির বস্তায় ভর্তি করে তা বাজার জাত করছে। এ নিম্নমানের ভুসি বিক্রয় করে অধিক মুনাফা অর্জন করছে মেসার্স মন্টু ট্রেডার্স এর মালিক মিনারুল ইসলাম।

সূত্র জানায়, মিনারুল ইসলাম দীর্ঘদিন যাবৎ মেয়াদ উত্তীর্ণ নোংরা ভুসি, ধানের গুড়া ও ময়দা দিয়ে এ ভুসি তৈরি করে। মিনারুল বিভিন্ন মাধ্যমকে ম্যানেজ করে মিয়াপাড়ায় গড়ে তোলে এ অবৈধ ভুসি তৈরির কারখানা। অল্প দামে ভুসি তৈরি করে উচ্চ মূল্যে তা বিক্রয় করে। এখানে তৈরি নকল ভুসি মাছ বাজারের মেসার্স মন্টু ট্রেডার্সে বিক্রয় করে।

এবিষয়ে আলমডাঙ্গা উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা আব্দুল্লাহীল কাফি বলেন, যদি কেউ আইন ভঙ্গ করে অবৈধ ভাবে গরু ছাগলের খাবার তৈরি করে তাহলে তার বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে।

আলমডাঙ্গা উপজেলা নির্বাহী অফিসার লিটন আলি বলেন, ভোক্তা অধিকার সংরক্ষণ ভঙ্গ করলে তার বিরুদ্ধে মোবাইল কোর্টের মাধ্যমে জরিমানার আওতায় আনা হবে।

চুয়াডাঙ্গায় ট্রেনে কাটা পড়ে অজ্ঞাত যুবকের মৃত্যু

চুয়াডাঙ্গার দামুড়হুদা উপজেলার বড় দুধপাতিলা গ্রামের অরক্ষিত রেলক্রসিংয়ের কাছে ট্রেনে কাটা পড়ে অজ্ঞাত ২৫ বছর বয়সী এক যুবক মারা গেছেন।
গতকাল সোমবার সকাল ১১টার দিকে স্থানীয় জনগণ গুরুতর আহত অবস্থায় ট্রেনে কাটা যুবককে উদ্ধার করে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে নিয়ে যায়। তার পরিচয় জানা যায়নি।

চুয়াডাঙ্গার দর্শনা রেলওয়ে পুলিশের ইনচার্জ এসআই জিয়াউর রহমান জানান, দামুড়হুদা উপজেলার বড় দুধপাতিলা গ্রামের কাছের রেলক্রসিংএর অদূরে এ দূর্ঘটনা ঘটে। নিহতের শরীর থেকে তার বাম পা বিচ্ছিন্ন হয়ে গেছে। অতিরিক্ত রক্ষক্ষরণে তার মৃত্যু হয়েছে বলে ধারণা করা হচ্ছে।
সে কোন ট্রেনে কাটা পড়েছে তা বোঝা যাচ্ছে না। মুমূর্ষু অবস্থায় এলাকার লোকজন তাকে উদ্ধার করে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে নিয়ে যায়। তখনো সে জীবিত ছিল। হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় তার মৃত্যু হয়। নিহতের লাশ চুয়াডাঙ্গা সদর হাসপাতাল মর্গে রাখা হয়েছে।